

WE ARE
MACMILLAN.
CANCER SUPPORT

'আমার পেট এতটাই
ফুলে গিয়েছিল যে
আমাকে দেখতে ছয়
মাসের প্রেগনেন্ট
লাগছিল।'

Julia



ডিম্বাশয়ে ক্যান্সারের লক্ষণসমূহ

যুক্তরাজ্যে প্রতি বছর প্রায় 7,100 মহিলার ডিম্বাশয়ের ক্যান্সার ধরা পড়ে। ডিম্বাশয়ের ক্যান্সার সাধারণত 50 বছরের বেশি বয়সী মহিলাদের ক্ষেত্রে বেশি হয়ে থাকে। আপনার ঘনিষ্ঠ আত্মীয়দের (আপনার মা, বোন, বা মেয়ে) মধ্যে দুই জন বা আরো বেশি মহিলার ডিম্বাশয় বা স্তন ক্যান্সার হয়ে থাকলে, আপনার ঝুঁকি বেশি থাকতে পারে।

আপনার এই সব লক্ষণগুলোর মধ্যে কোনোটি তিন সপ্তাহ বা আরো বেশি সময়ের মধ্যে বেশিরভাগ দিন থাকলে, আপনার ডাক্তারকে দেখান:

- পেট ফাঁপা বলে মনে হলে (পেট ফুলে গেলে)।
- দ্রুত পেট ভরে যাওয়ার অনুভূতি হলে বা বেশি খেতে না চাইলে।
- আপনার তলপেটে বা পিঠে ব্যথা হলে।
- স্বাভাবিকের চেয়ে বেশি ঘন ঘন বা বেশি জরুরি ভিত্তিতে প্রস্রাব করার দরকার হলে।

যে সব মহিলার এই লক্ষণগুলো আছে তাদের বেশিরভাগেরই ডিম্বাশয়ের ক্যান্সার নেই। কিন্তু এগুলো পরীক্ষা করানো গুরুত্বপূর্ণ কারণ আপনার ক্যান্সার থাকতেও পারে।

আপনার লক্ষণ দেখা দিলে ভয় পাবেন না
- সেগুলো পরীক্ষা করিয়ে নিন।

ডিম্বাশয়ের ক্যান্সার যত আগে ধরা পড়বে, চিকিৎসা সফল হওয়ার সম্ভাবনা তত বেড়ে যাবে।

আপনার লক্ষণগুলো পরীক্ষা করানোর মাধ্যমে আপনি আপনার ডাক্তারের সময় নষ্ট করছেন না।

যদি আপনার সহায়তার প্রয়োজন হয় অথবা শুধু কথা বলার জন্য কাউকে চান, তাহলে ম্যাকমিলান-এর সাথে বিনামূল্যে **0808 808 00 00** নম্বরে কথা বলুন অথবা দেখুন **macmillan.org.uk**

© ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট, জুলাই 2014. 1^ম সংস্করণ। MAC13693_OVARY_BENGALI. পরবর্তী পর্যালোচনার জন্য পরিকল্পিত সময়সূচি: 2017. ম্যাকমিলান ক্যান্সার সাপোর্ট, ইংল্যান্ড ও ওয়েলস (261017), স্কটল্যান্ড, (SC039907) এবং আয়েল অব ম্যান (604)-এ নিবন্ধিত দাতব্য প্রতিষ্ঠান। টেকসই সামগ্রী ব্যবহার করে মুদ্রিত। অনুলিপি করে রিসাইকেল করুন।

